
MAR 0 1 2001

তারিখ ...
পৃষ্ঠা ১৬ কলাম ৩

দৈনিক ইনকিলাব



*বরিশাল ব্যুরো ঃ দেশ ও জাতির গৌরবের প্রতীক কুমিল্লা সেনানিবাসের ইস্পাহানী পাবলিক স্কুল ও কলেজ* *–ইনকিলাব*

# কুমিল্লার ইস্পাহানী স্কুল এন্ড কলেজ জাতীয় পর্যায়ে শ্রেষ্ঠ শিক্ষা প্রতিষ্ঠান

ইনকিলাব রিপোর্ট ঃ কুমিল্লা সেনানিবাসের ইস্পাহনী পাবলিক স্কুল এন্ড কলেজ জাতীয় পর্যায়ে শ্রেষ্ঠ শিক্ষা প্রতিষ্ঠানের মর্যাদা লাভ করেছে। গত ৩১ জানুয়ারী ওসমানী স্মৃতি মিলনায়তনে প্রধানমন্ত্রী শেখ হাসিনা এক অনুষ্ঠানে ঐ শিক্ষা প্রতিষ্ঠানের প্রিন্সিপাল লেফটেন্যান্ট কর্নেল সৈয়দ আলী আহমদের কাছে জাতীয় পর্যায়ের শ্রেষ্ঠ শিক্ষা প্রতিষ্ঠানের স্বীকৃতি স্মারক তুলে দেন।

উল্লেখ্য, ১৯৬৬ সালে দানবীর মির্জা আহমদ ইস্পাহানী কুমিল্লা সেনানিবাসে প্রায় ৯ একর জমির ওপর ঐ শিক্ষা প্রতিষ্ঠানটি স্থাপন করেন। সে থেকে অদ্যাবধি অত্যন্ত সুনামের সাথে শিক্ষা প্রতিষ্ঠানটি দেশের আগামী দিনের যোগ্য নাগরিক তৈরী করছে। আবাসিক ও অনাবাসিক দু'স্তরের ছাত্রছাত্রী এখানে পাঠরত। তবে আবাসিক ব্যবস্থা শুধু ছাত্রদের জন্য সীমাবদ্ধ। ১৯৯২ সালেও ইস্পাহানী পাবলিক স্কুল জাতীয় পর্যায়ে শ্রেষ্ঠ শিক্ষা প্রতিষ্ঠানের মর্যাদা লাভ করে। ১৯৯৯ সালে এ শিক্ষা প্রতিষ্ঠানের তিন ছাত্র এসএসসি ও এইচএসসিতে মেধাতালিকায় স্থান লাভ করে। গত বছরেও এ শিক্ষা প্রতিষ্ঠান থেকে ৩৩ জন ছাত্রছাত্রী এসএসসি পরীক্ষায় অংশগ্রহণ করে। যার মধ্যে ৩০ জনই স্টার মার্কস পেয়ে কৃতিত্ব অর্জন করে। এইচএসসিতে অত্যন্ত ভাল ফল করছে ঐ শিক্ষা প্রতিষ্ঠানটি। এখানে লেখাপড়ার পাশাপাশি খেলাধুলা, সাংস্কৃতিক অনুষ্ঠান ও শিক্ষা সফর একটি নিয়মিত বিষয়। শিক্ষা প্রতিষ্ঠানটিতে দু'টি ফুটবল মাঠ ছাড়াও হকি, হ্যান্ডবল, বাস্কেটবল ও ব্যাডমিন্টন খেলার ব্যবস্থা রয়েছে।

কুমিল্লা সেনানিবাসের ইস্পাহানী পাবলিক স্কুল ও কলেজ এখন দেশ ও জাতির গৌরব।